গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী 'মুজিববর্ষ' উদযাপন উপলক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	মো: আজিজুল ইসলাম অতিরিক্ত মহাপরিচালক।
সভার তারিখ ও সময়	:	০৬ অক্টোবর, ২০২১খ্রি., সকাল ১০.০০ ঘটিকা।
সভার স্থান	:	জুম অনলাইন প্লাটফরম
সভায় উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট-''ক'' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যার জন্ম না হলে বাংলাদেশ স্বাধীন হতো না। তিনি ১৫ই আগস্ট শাহদৎবরণকারী বঙ্গবন্ধু পরিবারের সকল শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি মহান মুক্তিযুদ্ধে আত্নদানকারী সকল শহিদকেও শ্রদ্ধাভরে স্মরণ করেন। সভাপতি বলেন, এ বছর আমাদের দেশ ও জাতির জন্য খুবই একটি গুরুত্বপূর্ণ বছর। মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর পাশাপাশি এ বছর আমরা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন করছি। তিনি বলেন, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী (১৭ মার্চ ২০২০ থেকে ১৬ ডিসেম্বর ২০২১ পর্যন্ত) আমরা উদযাপন করছি। তিনি বলেন, মুজিববর্ষ উপলক্ষে অধিদপ্তর কর্তৃক গৃহীত কর্মসূচীগুলো যথাসময়ে যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

২। 'মুজিববর্ষ' উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

৩। অত:পর সভায় আলোচনা ও মতামতের ভিত্তিতে নিম্মোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

ক্র:	কর্মসূচির বিবরণ	তারিখ	বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫	৬
০১	দেশের সকল সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে সম্পূর্ণ বিনামূল্যে চিকিৎসা সেবা এবং সরকার কর্তৃক অনুমোদিত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে বিনামূল্যে কাউন্সিলিং সেবা প্রদান করা হবে।	১৭ মার্চ, ২০২০ - ১৬ ডিসেম্বর ২০২১	কর্মসূচিটির বাস্তবায়ন চলছে এবং নির্ধারিত সময় পর্যন্ত বাস্তবায়ন চলবে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরাধীন কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র এবং চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে ৩০ সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত ২৪,৯২৯ জন মাদকাসক্ত রোগীকে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। অধিদপ্তর কর্তৃক অনুমোদিত ৩৬৬টি বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে ১৪,৫০৪ জন মাদকাসক্ত রোগীকে কাউন্সিলিং সেবা প্রদান করা হয়েছে।	আগামী ১৬ ডিসেম্বর ২০২১ পর্যন্ত সেবা প্রদান অব্যাহত রাখতে হবে। তবে বিনামূল্যে মাদকাসক্তদের চিকিৎসা সেবা ও কাউন্সেলিং সেবার বর্তমান ও পূর্ববর্তী একই সময়ের তুলনামূলক পরিসংখ্যান অধিদপ্তরের প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।	১। পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)- আহবায়ক, ২। সহকারী পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন-১)-সদস্য সচিব ও সংশ্লিষ্ট উপকমিটি।
০২	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ অধিদপ্তরের মাঠ পর্যায়ের	১৭ মার্চ, ২০২০	বাস্তবায়িত।	বাস্তবায়িত।	১। পরিচালক (নিরোধ শিক্ষা)-আহবায়ক, ২। সহকারী পরিচালক (নিরোধ শিক্ষা)-সদস্য সচিব ও সংশ্লিষ্ট উপকমিটি।

ক্র:	কর্মসূচির বিবরণ	তারিখ	বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫	৬
	সকল কার্যালয়ে বঙ্গবন্ধুর জীবনী, দেশ গঠন ও মাদক নির্মূল বিষয়ক দিনব্যাপী আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন।				
০৩	অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল কার্যালয়ে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক গ্রন্থ সংরক্ষণের নিমিত্তে "বঙ্গবন্ধু বুক কর্ণার" স্থাপন করা হবে।	মার্চ, ২০২০	বাস্তবায়িত।	বাস্তবায়িত।	১। পরিচালক (প্রশাসন)-আহবায়ক, ২। সহকারী পরিচালক (কমন সার্ভিস)-সদস্য সচিব ও সংশ্লিষ্ট উপকমিটি।
০৪	পণ্য আমদানির ক্ষেত্রে অনাপত্তিপত্র প্রদান ও চিকিৎসা সেবার ক্ষেত্রে "বঙ্গবন্ধু ওয়ান স্টপ সার্ভিস সেন্টার" চালু করা হবে।	মার্চ, ২০২০	বাস্তবায়িত।	বাস্তবায়িত।	১। পরিচালক (প্রশাসন)-আহবায়ক, ২। সহকারী পরিচালক (কমন সার্ভিস)-সদস্য সচিব ও সংশ্লিষ্ট উপকমিটি।
০৫	"বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে মাদক নির্মূলের গুরুত্ব" শীর্ষক জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে রচনা প্রতিযোগিতা আয়োজন করা হবে।	১৭ মার্চ, ২০২০ - ১৬ ডিসেম্বর, ২০২১	কর্মসূচীটি বাস্তবায়নের নিমিত্ত গত ১২ ও ১৩ আগস্ট, ২০২১ তারিখ দৈনিক বাংলাদেশ প্রতিদিন ও The Daily Observer পত্রিকায় "বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে মাদক নির্মূলের গুরুত্ব" বিষয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়ে বিজ্ঞাপন প্রকাশ করা হয়েছে। ইতোমধ্যে ৬টি রচনা ও ৮টি চিত্রাঙ্কন জমা পড়েছে।	রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতায় সকল জেলার অংশগ্রহণ নিশ্চিত করতে হবে এবং আগামী ২৮ অক্টোবর, ২০২১ এর মধ্যে প্রতিযোগিতার কার্যক্রম শেষ করতে হবে। এ লক্ষ্যে পত্রিকায় সংশোধনী বিজ্ঞাপন প্রকাশের পাশাপাশি বিভাগীয় অতিরিক্ত পরিচালকগণকে পত্র দিতে হবে।	১। পরিচালক (আপারেশনস)-আহবায়ক, ২। সহকারী পরিচালক (আপারেশনস)-সদস্য সচিব ও সংশ্লিষ্ট উপকমিটি।
০৬	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কার্যক্রম প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার।	১৭ মার্চ, ২০২০ - ১৬ ডিসেম্বর, ২০২১	বাস্তবায়িত।	বাস্তবায়িত।	১। পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)-আহবায়ক, ২। সহকারী পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন-১)-সদস্য সচিব ও সংশ্লিষ্ট উপকমিটি।
০৭	বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক বিভিন্ন লেখা সমৃদ্ধ স্মরণিকা প্রকাশ।	১৭ মার্চ, ২০২০ - ১৬ ডিসেম্বর, ২০২১	বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক লেখা সমৃদ্ধ স্মরণিকা প্রকাশের নিমিত্ত মোট ১৩টি লেখা পাওয়া গেছে এবং লেখাগুলো সম্পাদনা করে ছাপাখানায় প্রেরণ করা হয়েছে। খসড়া পান্ডুলিপি পাওয়ার পর তা মহাপরিচালক মহোদয়ের অনুমোদন নিয়ে চূড়ান্তভাবে প্রকাশ করা হবে।	বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক লেখা সমৃদ্ধ স্মরণিকা অক্টোবর/২০২১ এর মধ্যে প্রকাশ করতে হবে।	১। পরিচালক (নিরোধ শিক্ষা)-আহবায়ক, ২। সহকারী পরিচালক (নিরোধ শিক্ষা)-সদস্য সচিব ও সংশ্লিষ্ট উপকমিটি।
০৮	'বঙ্গবন্ধুর আদর্শ ও জীবন' প্রশিক্ষণ মডিউলে	১৭ মার্চ, ২০২০ -	বাস্তবায়িত।	বাস্তবায়িত।	১। পরিচালক (আপারেশনস)-আহবায়ক, ২। সহকারী পরিচালক

ক্র:	কর্মসূচির বিবরণ	তারিখ	বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫	৬
	অন্তর্ভূক্তকরণসহ প্রশিক্ষণ প্রদান করা হবে।	১৬ ডিসেম্বর, ২০২১			(আপারেশনস)-সদস্য সচিব ও সংশ্লিষ্ট উপকমিটি।
০৯	মাদকের বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি জেলায় একটি করে মাদক বিরোধী ফুটবল প্রতিযোগিতা আয়োজন করা হবে।	এপ্রিল, ২০২০ - ১৬ ডিসেম্বর, ২০২১	চুয়াডাঙ্গা, মেহেরপুর, সুনামগঞ্জ, চাঁদপুর, লক্ষ্মীপুর, ফেনী, বি-বাড়ীয়া, কুড়িগ্রাম, খাগড়াছড়ি, বান্দরবান ও চাঁপাইনবাবগঞ্জ জেলায় একটি করে প্রীতি ফুটবল ম্যাচ সম্পন্ন হয়েছে এবং প্রতি জেলায় ফুটবল প্রতিযোগিতা আয়োজনের নিমিত্ত বাজেট বরাদ্দ দেয়া হয়েছে। করোনা ভাইরাস মহামারি বিবেচনায় রেখে অন্যান্য জেলায়ও পর্যায়ক্রমে ফুটবল প্রতিযোগিতা সুবিধাজনক সময়ে আয়োজন করা হবে।	কর্মসূচীটি স্থানীয় জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে অক্টোবর, ২০২১ মাসের মধ্যে বাস্তবায়ন করতে হবে। যে সকল জেলায় ফুটবল প্রতিযোগিতা আয়োজন হয়নি সে সকল জেলার জেলা প্রশাসক বরাবর ডিও লেটার প্রেরণ করতে হবে। পাশাপাশি ফুটবল প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত সকল জেলার তথ্য শীঘ্রই প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।	১। পরিচালক (নিরোধ শিক্ষা)-আহবায়ক, ২। সহকারী পরিচালক (নিরোধ শিক্ষা)-সদস্য সচিব ও সংশ্লিষ্ট উপকমিটি।
১০	নতুন প্রজন্মের জন্য 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ' বিষয়ভিত্তিক বই পড়া প্রতিযোগিতা আয়োজন করা হবে।	১৭ মার্চ, ২০২০ - ১৬ ডিসেম্বর, ২০২১	কর্মসূচীটি বাস্তবায়নের লক্ষ্যে অপারেশনস্ অধিশাখার ১৪ সেপ্টেম্বর, ২০২১ তারিখের ৪৯৩ সংখ্যক স্মারকমূলে মাঠ পর্যায়ের সকল বিভাগীয় কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। এ লক্ষ্যে বই নির্বাচন কমিটি কর্তৃক নির্বাচিত বইয়ের তালিকা নির্ধারণ করে দেয়া হয়েছে।	কর্মসূচীটি স্থানীয় জেলা শিশু একাডেমীর সহযোগিতা নিয়ে অক্টোবর, ২০২১ মাসের মধ্যে বাস্তবায়ন করতে হবে।	১। পরিচালক (আপারেশনস)-আহবায়ক, ২। সহকারী পরিচালক (আপারেশনস)-সদস্য সচিব ও সংশ্লিষ্ট উপকমিটি।
বিবিধ সিদ্ধান্ত: ১) সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ৩১ মে, ২০২১ তারিখ অনুষ্ঠিত মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচীর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও ভবিষ্যত করণীয় সংক্রান্ত সভায় সিদ্ধান্ত।		১৭ মার্চ, ২০২০ - ১৬ ডিসেম্বর, ২০২১	মুজিববর্ষের সাথে সঙ্গতিপূর্ণ টিভিসি নির্মানের লক্ষ্যে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরকে গত ৩ আগস্ট ২০২১ তারিখ কার্যাদেশ দেয়া হয়েছে। কার্যাদেশের প্রেক্ষিতে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর টিভিসি নির্মাণের কার্যক্রম শুরু করেছে। উক্ত টিভিসি পাওয়ার পর তা বিভিন্ন টিভি চ্যানেলে ব্যাপকভাবে প্রচার করা হবে।	টিভিসির নির্মাণকাজ দ্রুত শেষ করে ইলেট্রনিক মিডিয়ায় প্রচারের ব্যবস্থা করতে হবে।	১। পরিচালক (নিরোধ শিক্ষা)-আহবায়ক, ২। সহকারী পরিচালক (নিরোধ শিক্ষা)-সদস্য সচিব ও সংশ্লিষ্ট উপকমিটি।

৪। সভাপতি যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরন করে কর্মসূচীগুলো নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন/পালনের জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করেন।

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/১০/২০২১

(মো: আজিজুল ইসলাম)
অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত সচিব)।

নং-৫৮.০২.০০০০.০০৬.২৯.০০১.১৯. ৪১৫৫

২৮ শ্রাবন, ১৪২৮
তারিখ: ---------------------
১৩ অক্টোবর, ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)।
২। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৩। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৪। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা।
৫। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। বিজ্ঞ নির্বাহী ম্যাজিষ্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
৮। উপপরিচালক (..........................) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন...।
৯। সহকারী পরিচালক (..........................) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন..........................।
১০। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। অফিস কপি।

১৩/১০/২০২১

(মোঃ রবিউল ইসলাম)
উপপরিচালক (নিরোধ শিক্ষা)
ও
সদস্য সচিব
"মুজিববর্ষ" উদযাপন সংক্রান্ত কমিটি।